# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## উত্তরা শাখা, ঢাকা।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

# বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, উত্তরা শাখা, ঢাকা-এর ঋণ গ্রহীতা- মেসার্স আপেল এন্ড ব্রাদার্স এর স্বত্ত্বাধিকারী- মোঃ তাজুল ইসলাম আপেল, পিতা- মোঃ নুরুজ্জামান, মাতা-সামসুন নাহার, ঠিকানাঃ সিরাজ হাউজ, আরিচপুর পশ্চিম গার্লস স্কুল রোড, আরিচপুর, ডাকঘরঃ মন্নুনগর-১৭১০, গাজীপুর সদর, টঙ্গী পৌরসভা, গাজীপুর। জমি দাতা-সুস্মিতা সম্পা, পিতা- মোঃ বেলাল হোসেন, মাতা-শাহনাজ পারভীন, ঠিকানাঃ ১০ পুর্ব ডিওএসএইচ, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৮/০৬/২০২৬ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট টাকা = (৬২,৮১,৭৪৮.২৯+২,৭৪,৯২,১৯৯.২৮) = ৩,৩৭,৭৩,৯৪৭.৫৭ (তিন কোটি সাত্রিশ লক্ষ তেয়াত্তর হাজার নয়শত সাতচল্লিশ টাকা সাতান্ন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## SCHEDULE OF THE PROPERTY HEREBY MORTGAGED

All that premises of One (01) flat/apartment being No. A-05, covering area of 2048.36 (Two thousand Four Eight Point Three) Square feet; occupying on the 5th floor (West Side) and One (01) car parking in the ground floor with propitiate share of common space of the Six (06) storied residential apartment building under the project name & style of "LILYANA", has been constructed; alongwith the proportionate 1(one) share of undivided & undemarcated land measuring 0.683 (Zero point Six Eight Three) Katha or 1.12695 (one point One Two Six Nine Five) Decimal [in connection with the aforesaid One Flats & One Car Parking spaces] out of the total land/project land measuring 3 Katha 6 Chattak equivalent to 5.94 (Five Point Nine Four) Decimal (more or less); situated within District - Dhaka, Police Station & Sub-Registry Office - Uttara, Mouza - Uttara Model Town (Faydabad), Sector No. 07, Lake Drive Road, Plot No. 74, under Jot/holding 40 No. under the Lay Out Plan of Uttara Model Town; prepared by erstwhile DIT at 112 present Rajdhani Unnayan Kartripakkha [RAJUK]; and right to use and enjoyment of the common roads, garages, toilet, lifts, lobby, roofs, corridors, stairs and other adjuncts within the building and the land all easement right within the building and land. Being butted & bounded by: On the North: Plot No. 76, On the South: Plot No. 72, On the East: Plot No. 73, Road No. 18, On the West: Lake Drive Road, Own by Susmita Sompa.

# নিলামের শর্তাবলী

(১) আগামী **০৩/০৭/২০২৬ইং** বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরাশাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ ল৴) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপে৶া অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষদ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি), উত্তরাশাখা, ঢাকা।**